# রাষ্ট্রীয় মুক্ত বিদ্যালয়ী শিক্ষা সংস্থান

## উচ্চ মাধ্যমিক পাঠক্রম

### প্রশ্নপত্রের নকশা (Design)

**বিষয় - বাংলা (303)** **নম্বর - 100** **সময় - 3 ঘন্টা**

**1. উদ্দেশ্য অনুযায়ী নম্বর বন্টন**

| উদ্দেশ্য | নম্বর | শতকরা |
|---|---|---|
| জ্ঞান | 20 | 20% |
| বোধ | 45 | 45% |
| অভিব্যক্তি | 35 | 35% |

**2. প্রশ্নের আকার অনুযায়ী সময় ও নম্বর বন্টন**

| প্রশ্নের আকার | সংখ্যা | আনুমানিক সময় | মোট নম্বর |
|---|---|---|---|
| রচনাধর্মী প্রশ্ন | 05 | 80 মি. | 42 |
| সংক্ষিপ্ত উত্তর ধর্মী প্রশ্ন | 10 | 60 মি. | 38 |
| অতি সংক্ষিপ্ত উত্তর ধর্মী প্রশ্ন | 10 | 40 মি. | 20 |

**3. বিষয় অনুযায়ী নম্বর বন্টন**

| | | |
|---|---|---|
| কেন্দ্রীয় | | 85 |
| কবিতাপাঠ | | |
| কবিতার ব্যাখ্যা | 04 | |
| কাব্য সৌন্দর্য্য | 02 | |
| কবিতার উপর বোধ প্রশ্ন | 04 | |
| কেন্দ্রীয় ভাব | 02 | |
| বাংলা কাব্যসাহিত্যের ক্রমবিবর্তন | 02 | |
| কাব্যশাস্ত্র (রস, ছন্দ, অলংকার) | 02 | |
| অপঠিত কবিতা | 04 | 20 |

| | | |
|---|---|---|
| **গদ্যপাঠ** | | |
| গদ্যাংশের ব্যাখ্যা | 06 | |
| পাঠের উপর আধারিত বোধ প্রশ্ন | 07 | |
| ভাষা শৈলী | 02 | |
| অপঠিত গদ্যাংশ | 04 | 19 |
| **উপন্যাস পাঠ ও ব্যাকরণ** | | |
| তাত্ত্বিক সমীক্ষা ও বোধমূলক প্রশ্ন | 06 + 02 = 08 | |
| ভাষা প্রয়োগ ও ব্যবহারিক ব্যাকরণ | 10 | 18 |
| **লেখন কৌশল** | | |
| প্রতিবেদন রচনা | 03 | |
| নিবন্ধ লেখন | 08 | |
| পত্র লেখন | 04 | |
| সারাংশ লেখন | 04 | |
| নোট দেওয়া-নেওয়া | 03 | |
| সৃজনাত্মক লেখন | 02 | |
| তালিকা / লেখ নির্মাণ | 04 | 28 |
| **ঐচ্ছিক** | | |
| (ক) পর্যটন | | |
| সংজ্ঞা ও স্বরূপ, উৎস, গুরুত্ব ও প্রকারভেদ | 04 | |
| সংগঠন ও পরিকাঠামো | 04 | |
| ব্যবস্থা ও পরিচালনা | 04 | |
| সম্ভাবনা-সমস্যা-সমাধানের পথ | 03 | 15 |
| (খ) গণজ্ঞাপন | | |
| সংজ্ঞা-গুরুত্ব-প্রকারভেদ-সমস্যা ও প্রতিকার | 04 | |
| গণজ্ঞাপনের পরিকাঠামো | 02 | |
| গণমাধ্যম - পরিকাঠামো | 02 | |
| বৈদ্যুতিন মাধ্যম - টেলিভিশন | 04 | |
| গণজ্ঞাপনের সমস্যা ও সমাধান | 03 | 15 |

# রাষ্ট্রীয় মুক্ত বিদ্যালয়ী শিক্ষা সংস্থান

## উচ্চমাধ্যমিক নমুনা প্রশ্ন পত্র

**সময় - 3 ঘন্টা** **বিষয় - বাংলা (303)** **নম্বর - 100**

নির্দেশ: (i) এই প্রশ্নপত্রে 'ক', 'খ' 'গ' তিনটি বিভাগ আছে—

(ii) বিভাগ 'ক'-এর সব প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক

(iii) বিভাগ 'খ' এবং বিভাগ 'গ'-এর যে কোনো একটির উত্তর লিখুন

(iv) বিভাগ 'ক'-এর জন্য 85 এবং বিভাগ 'খ' অথবা 'গ'-এর মান 15

## বিভাগ 'ক'

1. (ক) নিম্নলিখিত কাব্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন: 4

সখীগণ বোলে বালা কীবা মতি তোর।
আপনার রূপ দেখি হইলা বিভোর।।
কোথা সেই নৃপরত্ন বিবাহের স্থলে।
অন্তঃপুরে থাকি চাহ মালা দিতে গলে।।
আপনা রূপ দেখি হইলা এমন।
প্রিয়তম রূপ হেরি করিবা কেমন।।
আন স্থানে মাগো বরমালা নিজ গলে।
এমত করিবা নাকি বিবাহের স্থলে।।

অথবা,

আমি যে দেখেছি গোপন হিংসা কপট রাত্রিছায়ে
হেনেছে নিঃসহায়ে।
আমি যে দেখেছি, প্রতিকারহীন শক্তের অপরাধে
বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে।
আমি যে দেখিনু, তরুণ বালক উন্মাদ হয়ে ছুটে
কী যন্ত্রণায় মরেছে পাথরে নিস্ফল মাথা কুটে।

(খ) নিম্নলিখিত পংক্তিগুলির কাব্য-সৌন্দর্য স্পষ্ট করুন: 2

সেখানে লেবুর শাখা নুয়ে থাকে অন্ধকার ঘাসের উপর;
সুদর্শন উড়ে যায় ঘরে তার অন্ধকার সন্ধ্যার বাতাসে;
সেখানে হলুদ শাড়ি লেগে থাকে রূপসীর শরীরের 'পর—
শঙ্খমালা নাম তার; এ-বিশাল পৃথিবীর কোনো নদী ঘাসে
তারে আর খুঁজে পাবে নাকো— বিশালাক্ষী দিয়েছিল বর,
তাই সে জন্মেছে নীল বাংলার ঘাস আর ধানের ভিতর।

2. নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে যে কোনো দুটির উত্তর ৩০-৩৫টি শব্দে লিখুন:— 2+2=4

(ক) চণ্ডীদাসের রচিত 'রাধার কী হৈল অন্তরে ব্যথা' কবিতায় রাধার আচরণের পর-পর যে পরিবর্তন ঘটেছে তার বর্ণনা দিন।

(খ) কাশীরাম দাস কবিতায় সংস্কৃত হ্রদকে মহাদেবের জটার সঙ্গে তুলনা কি যুক্তিযুক্ত হয়েছে? সংক্ষেপে লিখুন।

(গ) কাজী নজরুল ইসলাম নারী কবিতায় পুরুষ ও নারীর মধ্যে সামাজিক ক্রিয়াকলাপের ক্ষেত্রে যে কোনো বৈষম্য থাকা উচিত নয় তার স্বপক্ষে কোন্ কোন্ যুক্তি দিয়েছেন?

(ঘ) 'একুশের প্রথম প্রভাত ফেরী'— পংক্তিটির মধ্য দিয়ে কবি শামসুর রাহমান বাংলা ভাষা আন্দোলনের যে ঘটনার উল্লেখ করেছেন তা লিখুন।

3. 'নাজমা' কবিতার অন্তর্নিহিত ভাবটি সংক্ষেপে লিখুন। 2

4. মধ্যযুগের গীতিকাব্যধারায় চৈতন্য-পূর্ববর্তী বৈষ্ণব পদাবলির বৈশিষ্ট্য লিখুন। 2

5. নিম্নলিখিত পংক্তিগুলিতে নিহিত ছন্দ ও অলংকারগুলির উল্লেখ করুন: 2

গুরু গুরু মেঘ গুমরি গুমরি
গরজে গগনে গগনে
গরজে গগনে।

6. নিম্নলিখিত কবিতার স্তবকটি পড়ে প্রশ্নগুলির উত্তর দিন

বিপুলা এ পৃথিবীর কতটুকু জানি।
দেশে দেশে কত না নগর, রাজধানী—
মানুষের কত কীর্তি, কত নদী গিরি সিন্ধু মরু,
কত-না অজানা জীব, কত-না অপরিচিত তরু

রয়ে গেল অগোচরে। বিশাল বিশ্বের আয়োজন;
মন মোর জুড়ে থাকে অতিক্ষুদ্র তারি এক কোণ।
সেই ক্ষোভে পড়ি গ্রন্থ ভ্রমণবৃত্তান্ত আছে যাহে
অক্ষয় উৎসাহে।
যেথা পাই চিত্রময়ী বর্ণনার বাণী
কুড়াইয়া আনি।
জ্ঞানের দীনতা এই আপনার মনে
পূরণ করিয়া লই যত পারি ভিক্ষালব্ধ ধনে।।

(ক) 'সেই ক্ষোভে পড়ি গ্রন্থ', কোন্ ক্ষোভে কে গ্রন্থ পড়েন? 1

(খ) কবি কেন ভ্রমণ বৃত্তান্ত পড়েন? 1

(গ) কবি ভিক্ষালব্ধ ধন বলতে কী বুঝিয়েছেন? 1

(ঘ) 'চিত্রময়ী বর্ণনার বাণী'— একথার অর্থ কী? 1

7. নিম্নলিখিত গদ্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন: 6

"দেখো আমি চোর বটে, কিন্তু আমি কি সাধ করিয়া চোর হইয়াছি? খাইতে পাইলে কে চোর হয়? দেখো, যাঁহারা বড়ো বড়ো সাধু, চোরের নামে শিহরিয়া উঠেন, তাঁহারা অনেক চোর অপেক্ষাও অধার্মিক। তাঁদের চুরি করিবার প্রয়োজন নাই বলিয়াই চুরি করেন না। কিন্তু তাঁহাদের প্রয়োজনাতীত ধন থাকিতেও চোরের প্রতি যে মুখ তুলিয়া চাহেন না, ইহাতেই চোরে চুরি করে। অধর্ম চোরের নহে— চোরে যে চুরি করে সে অধর্ম কৃপণধনীর। চোর দোষী বটে, কিন্তু কৃপণধনী তদপেক্ষা শতগুণে দোষী। চোরের দণ্ড হয়; চুরির মূল যে কৃপণ, তাহার দণ্ড হয় না কেন?"

অথবা,

সোশিয়ালিস্টরা যে সমস্ত পৃথিবীময় ধনবিভাগ করে দেয় সেটা সম্ভব কি অসম্ভব জানিনে— যদি একেবারেই অসম্ভব হয় তাহলে বিধির বিধান বড়ো নিষ্ঠুর, মানুষ ভারী হতভাগ্য। কেননা পৃথিবীতে যদি দুঃখ থাকে তো থাক্ কিন্তু তার মধ্যে এতটুকু ছিদ্র সম্ভাবনা রেখে দেওয়া উচিত যাতে সেই দুঃখমোচনের জন্য মানুষের উন্নত অংশ অবিশ্রাম চেষ্টা করতে পারে, একটা আশা পোষণ করতে পারে। যারা বলে কোনোকালে পৃথিবীর সকল মানুষকে জীবনধারণের মূল আবশ্যক জিনিসও বন্টন করে দেওয়া নিতান্ত অসম্ভব অমূলক কল্পনামাত্র, কখনোই সকল মানুষ খেতে-পরতে পাবে না, পৃথিবীর অধিকাংশ মানুষ চিরকালই অর্ধাসনে কাটাবেই, এর কোনো পথ নেই, তারা ভারী কঠিন কথা বলে।

8. নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন:—

(i) গিরীশ মহাপাত্রের চেহারার কোন্ বৈশিষ্ট্য অপূর্বকে কেন মুগ্ধ করেছিল? 2

(ii) নিমাইবাবু কেন অপূর্বকে 'বোকা ছেলে' বলেছেন? 1

(iii) তাঁতি মদন কেন সুতোহীন তাঁত চালিয়েছিল খুব সংক্ষেপে বুঝিয়ে দিন। 2

(iv) আপনি কি মনে করেন সুভাষ-কাকিমা অনাচার করেছেন?— সংক্ষেপে লিখুন। 2

**9.** যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন: 2

(i) **'কালাপাহাড়' গল্পে কালাপাহাড় ও কুম্ভকর্ণকে নিয়ে মধ্যে মধ্যে কী বিষম বিপদ বাঁধত? রংলাল সামলাতো কীভাবে?**

(ii) **'শিল্পী' গল্পে তাঁতিরা যে-ভাষায় কথা বলেছে তার বিশেষত্ব দু-একটি উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।**

**10.** নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দিন: 1+1+2=4

মায়ের শ্রাদ্ধের আর দুইদিন বাকি আছে; সকালে বৃন্দাবন চণ্ডীমণ্ডপে কাজে ব্যস্ত ছিল, খবর পাইল, ভিতরে চরণের ভেদবমি হইতেছে। ছুটিয়া গিয়া দেখিল, সে নির্জীবের মতো বিছানায় শুইয়া পড়িয়াছে এবং তাহার ভেদবমির চেহারায় বিসূচিকা মূর্তি ধরিয়া রহিয়াছে।

ঘণ্টাখানেক পরে গোপাল ডাক্তারের বসিবার ঘরে বৃন্দাবন তাহার পা-দুটো আকুলভাবে চাপিয়া ধরিয়া বলিল, দয়া করুন ডাক্তারবাবু, ছেলেটিকে বাঁচান। আমার অপরাধ যতই হয়ে থাক্ কিন্তু সে নির্দোষ। অতি শিশু, ডাক্তারবাবু— একবার পায়ের ধুলো দিন, একবার তাহাকে দেখুন।

গোপাল বিকৃত মুখ-নাড়া দিয়া বলিলেন, তারিণী মুখুজ্জে এই ডাক্তারবাবুরই মামা। ছোটোলোক হয়ে পয়সার জোরে সেই ব্রাহ্মণকে অপমান। সে সময় মনে হয়নি, এই পা-দুটোই মাথায় ধরতে হবে।

(i) বিসূচিকা বা কলেরা রোগের মূল লক্ষণ কী? 1

(ii) বৃন্দাবন গোপাল ডাক্তারবাবুর কাছে কাকে বাঁচাবার জন্যে এসেছিল? 1

(iii) বৃন্দাবনের কোন্ অপরাধের কথা ডাক্তারবাবু বলেছেন? 2

**11.** 'আরণ্যক' উপন্যাসে সরস্বতী কুণ্ডী সম্পর্কে আমিন রঘুবর প্রসাদের ধারণাটি ব্যক্ত করুন। 4

**অথবা,**

**মিশরের ফ্যারাওদের সমাধিস্থলের সঙ্গে তুলনা করবার সময় দোবরু পান্নাদের সমাধিস্থান সম্বন্ধে গল্পকথক সত্যচরণ কী মন্তব্য করেছেন?**

**12.** যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন: 1x4=4

(i) বুনো মহিষদের দেবতার নাম কী?

(ii) মিশরের প্রাচীন সম্রাটদের সমাধিস্থলকে কী নাম দেওয়া হয়েছে?

(iii) দোবরু পান্না বলেছেন, 'তারপর আর কিছু নেই।' — কোন্ ঘটনার পর তাঁরা সব হারিয়েছেন?

(iv) যুগলপ্রসাদকে দেখে গল্পকথক আশ্চর্য হয়েছিলেন কেন?

(v) এক কুলি এসে পাটেয়ারীর কাছে বলেছিল, জায়গাটা 'ভূত বা পরীর আড্ডা'। **কেন সে এ-কথা বলল?**

**13.** নীচের প্রশ্নগুলির উত্তর দিন:

(i) ব্যাসবাক্য-সহকারে সমাস নির্ণয় করুন (যে কোনো দুটি):
অপার্থিব, জলাভাব, দিগ্‌বিদিক, সিঁদুরমাখানো। 2

(ii) প্রত্যয় নির্ণয় করুন (যে-কোনো দুটি):
নীচু, কর্তব্য, বৈচিত্র্য, স্বপ্নময় 2

(iii) তৎসম শব্দ কোন্‌টি, লিখুন :
এই সেই হ্রদ, কী তার রূপ। 2

(iv) চলিত ভাষায় লিখুন:
এক অদ্ভুত লোকের সন্ধান পাইলাম। সে বীজ পুঁতিয়া দিতেছে। নামিয়া কাছে গেলাম 4

**14.** যে-কোনো একটি বিষয়ে একটি প্রতিবেদন রচনা করুন: 4

(i) এ-বছর শীতের প্রকোপ পড়েছে দেশের অনেক রাজ্যে। জনজীবনে তার প্রতিক্রিয়া কী হচ্ছে সে সম্বন্ধে সংবাদপত্রের জন্য একটি প্রতিবেদন রচনা করুন।

(ii) দেশের জনজীবনে সম্প্রতি যে অসন্তোষ ও উত্তেজনা তৈরি হয়েছে সমাজে তার প্রতিক্রিয়া কী হচ্ছে সে সম্বন্ধে সংবাদপত্রের জন্য একটি প্রতিবেদন রচনা করুন।

**15.** আপনার এলাকায় ত[illegible] গাছ; গাছে একদিন অনেক নতুন পাখি দেখলেন। তাতে আপনার মধ্যে কী প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে অনধিক 40টি শব্দে লিখুন। 2

অথবা,

আপনি সারাদিন কাজের জায়গায় কাজ করে সন্ধ্যায় বাড়ি ফিরে দেখলেন বহুদিন পর আপনার প্রিয় বন্ধু আপনার কাছে এসেছেন। তাঁকে দেখে আপনার কী প্রতিক্রিয়া হল অনধিক 40টি শব্দে লিখুন।

**16.** নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নের উত্তর দিন:

দেশের অর্থনৈতিক বিকাশের জন্য সাধারণ মানুষের সঞ্চয় জরুরি। সাধারণ মানুষের কষ্টার্জিত সঞ্চয়কে দেশের অর্থনৈতিক উন্নতির কাজে লাগাতে পারলে তাতে সবারই উপকার। কিন্তু যদি কিছু অসৎ প্রতিষ্ঠান মানুষের সরলতার ফায়দা তুলে তাঁদের বহু মেহনতে রোজগার করা টাকা-পয়সা আত্মসাৎ করার চেষ্টা করে, তবে সাধারণ মানুষ তাদের শেষ জীবনের সম্বলটুকু হারিয়ে অসহায় হয়ে পড়বেন। এই ধরনের বহু ঘটনার কথা জানা গেছে। তাই স্বাভাবিকভাবে রাজ্য সরকার ননব্যাঙ্কিং সংস্থাগুলোর প্রতারণা ঠেকাবার জন্য আইন করার সিদ্ধান্ত নিয়েছেন।

প্রশ্ন: (ক) অনুচ্ছেদটির কী শিরোনাম দেওয়া যথার্থ হবে? 1

(খ) সাধারণ স্বল্প সঞ্চয়ের গুরুত্ব কী? 1

(গ) এই টাকা আত্মসাৎ করা রুখতে সরকার কী পদক্ষেপ নিচ্ছেন? 1

**17.** নীচের যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন: 4

(i) উত্তরপাড়ায় কৃষক আছেন 35%, ক্ষেত-মজুর 20%, চাকুরিজীবী 5%, স্বয়ম্ভর গোষ্ঠির সদস্য 20%, পড়ুয়া 20%। একটি পাই চার্ট (Pie Chart)-এর সাহায্যে বিষয়টি পরিস্ফুট করুন।

(ii) আনারসের জেলি তৈরির প্রক্রিয়া Flow Chart-এর সাহায্যে তুলে ধরুন।

**18.** যে কোনো একটি বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লিখুন: 8

(i) জলদূষণের কুফল

(ii) একতা

(iii) আপনার প্রিয় গ্রন্থ

(iv) একটি নদীর আত্মকথা

**19.** চিঠি লেখার রীতিনীতি মেনে যে কোনো একটি বিষয়ে একটি চিঠি লিখুন: 4

আপনি সম্প্রতি কোথাও বেড়াতে গিয়েছিলেন। তার অভিজ্ঞতা জানিয়ে বন্ধু/বান্ধবীকে একটি চিঠি লিখুন।

অথবা,

নীচের চিঠির একটি উত্তর লিখুন।

৭বি/২, নর্দার্ন অ্যাভিনিউ
পাইকপাড়া
কলকাতা - ৭০০ ০৩৭
১৯ ফেব্রুয়ারি ২০১১

ভাই সুজাতা,

আমার ভালোবাসা জানিস। আমরা এখানে সবাই কুশলে আছি। সম্প্রতি ঘূর্ণিঝড়ে তোদের এলাকার অনেক কিছু ক্ষতিগ্রস্ত হয়েছে বলে সংবাদপত্রে পড়লাম। তোরা কী অবস্থায় আছিস জানার জন্য বিশেষ উদ্বিগ্ন আছি। শীগগির জানিয়ে আমাদের উৎকণ্ঠার নিরসন করিস। অর্থ অথবা অন্যকিছুর প্রয়োজন পড়লে অসঙ্কোচে জানাস।

কাকা কাকিমা কেমন আছেন? তাঁদের আমার প্রণাম জানাই।

আমার ভালোবাসা নিস।

তোর চিঠির অপেক্ষায় থাকলাম।

তোরই
মেহের জান

20. নীচের অনুচ্ছেদটির সারাংশ লিখুন: 3

শিল্প না হলেও আমাদের চলেনা; আবার শিল্পাঞ্চলে দূষণের মারাত্মক প্রভাব আমাদের শরীর ও মনের নানা সমস্যা তৈরি করছে। কাজের জায়গায় অনেক সময় মানসিক চাপ তৈরি হয়ে থাকে। এতে শরীর ও মনের উপর বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। এই সমস্যাগুলোর নিরসনে সরকার কিছু প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করছেন। যেমন এখন শিল্প করতে গেলে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের ছাড়পত্র লাগে। শিল্প এলাকায় প্রচুর গাছ লাগাতে হয়। বর্জ্য নিষ্কাশনের জন্য বৈজ্ঞানিক পদ্ধতি মেনে চলতে হয়। শ্রমিকদের সুলভে স্বাস্থ্য পরীক্ষা ও আক্রান্তদের চিকিৎসার ব্যবস্থা করা জরুরি বলে বিবেচিত হচ্ছে।

অথবা,

বাঁশবাগানের পথটি দিয়ে পাড়ার পথটি বাঁকা,
পথের ধারে গলাগলি সজনে গাছের শাখা,
গোরুর গাড়ির চাকায় পথে শুকায় নাকো কাদা,
কোথাও বা তার বেড়ার পাশে ঘুঁটে ছায়ের গাদা—
তবু আমার জন্মভূমি স্বর্গপুরী
বিশ্বশোভা ঐখানেতে গেছে চুরি!
যত দেশের যত পাখি ঐ গাঁয়ে কি আছে!
ঝোপে ঝাড়ে বেড়ায় উড়ে নুইয়ে পড়ে গায়ে,
চলতে গেলেই শুকনো পাতা গুঁড়োয় পায়ে পায়ে—
বনে ভরা এমনি আমার স্বর্গপুরী,
তবু আমার চিত্ত সেথায় গেছে চুরি!

## বিভাগ 'খ'
## পর্যটন

1. **পর্যটনের ব্যুৎপত্তিগত অর্থ ও সংজ্ঞা লিখুন।** 2
2. **এশিয়ার সবচেয়ে বড়ো দূষণমুক্ত হ্রদ কোনটি?** 1
3. **ঐতিহ্য পর্যটনের সঙ্গে যুক্ত একটি স্থানের নাম করুন।** 1

4. মোটেল বলতে কী বোঝায়? 1

5. প্রধানত কী কী বিষয়ে ট্যুর গাইডের পরিষ্কার ধারণা থাকা দরকার? 2

6. ট্যুর পরিচালনা কীভাবে করা উচিত সে-সম্পর্কে মতামত দিন। 4

7. ১৯৮৫-৯০ সালের পরিকল্পনাকালে পর্যটনশিল্পের কোন্ কোন্ বিষয়ের উপর জোর দেওয়া হয়েছে? 4

## বিভাগ 'গ'

## গণজ্ঞাপন

1. গণজ্ঞাপন আধুনিক সমাজজীবনে খুবই গুরুত্বপূর্ণ। দৃষ্টান্ত দিয়ে চারটি গুরুত্বের উল্লেখ করুন। 4

2. গণজ্ঞাপনের চারটি পরিকাঠামোর উল্লেখ করুন। ½ x 4 = 2

3. সংবাদমাধ্যম ও বেতার মাধ্যম— দুটোরই চারটি করে বৈশিষ্ট্যের উল্লেখ করুন। ½ x 4 = 2

4. টেলিভিশনের চারটি সুবিধা ও চারটি অুবিধার কথা লিখুন। 1 x 4 = 4

5. গণমাধ্যমের তিনটি সমস্যার উল্লেখ করুন। সেগুলোর প্রতিকার কীভাবে হতে পারে লিখুন। 1½ x 2 = 3

# মূল্যায়ণ - সূত্র

| প্রশ্ন সংখ্যা | প্রত্যেক ধাপের আনুমানিক মূল্য | নম্বর বিতরণ | | পাঠের সূত্র (L- পাঠ) |
|---|---|---|---|---|
| | | ভাগ | মোট | |
| 1ক) | কবির নাম সৈয়দ আলাওল। | ½ | | L-3.4.3 |
| | কবিতার নাম 'পদ্মাবতীর বিবাহমঙ্গল'। | ½ | | |
| | প্রসঙ্গ : পদ্মাবতী দর্পণে নিজের রূপ দেখতে দেখতে স্বপ্নজগতে চলে গেছেন, দেখছেন দর্পণে ফুটেছে রত্নসেনের মুখ। তিনি মালা দিতে চাইছেন রত্নসেনের গলায়। পদ্মাবতীর এই আচরণ দেখে সখীরা তাঁকে বাস্তব অবস্থা সম্পর্কে সচেতন করছেন। | 1 | | |
| | সখীদের বক্তব্য— নিজের রূপ দেখে পদ্মাবতী বিভোর হয়েছেন। অন্তঃপুরে রত্নসেন নেই। তিনি স্বপ্নকে বাস্তব মনে করছেন, তা যিনি নেই তাঁর গলায় দেবার জন্য সখীদের কাছে মালা চাইছেন। এই রকম অস্বাভাবিক আচরণ বিবাহের দিনে সাজে না। এমন আচরণ বিবাহসভায় করলে হাস্যকর অবস্থা হবে, তাই এখনই তাঁর সংবিৎ স্থিত হওয়া উচিত। | 2 | 4 | |
| 1 অথবা | কবির নাম রবীন্দ্রনাথ ঠাকুর। | ½ | | L-5.4.3/ Pg. 43-44 |
| | কবিতার নাম 'প্রশ্ন'। | ½ | | |
| | প্রসঙ্গ : ঈশ্বরের দূতেরা সকলকে ভালোবাসতে ও ক্ষমা করতে বলেছেন। কিন্তু কবি তাঁদের কথা মানতে পারছেন না। কেন পারছেন না এই অংশে তা বলেছেন। | 1 | | |
| | কবি দেখেছেন এক অন্ধকার জগৎ যেখানে হিংস্র আক্রমণ নেমে এসেছে অসহায় মানুষের উপর। এই অপরাধের কোনো বিচার হয় না, কারণ, বিচারব্যবস্থা আক্রমণকারীর করায়ত্ত। তরুণ যারা তাদের সুস্থ জীবনযাপনের কোনো উপায় নেই। নির্বিচার আক্রমণে তারা উন্মাদের মতো হয়ে যায়, নিদারুণ যন্ত্রণার বোঝা দিনের পর দিন বয়ে বেড়ায়। এই সব দেখার পর অত্যাচারীদের ক্ষমা করতে ও ভালোবাসতে কবি পারেন না। | 2 | 4 | |
| 1খ) | কবিতার ছত্রগুলিতে রয়েছে এক করুণ সুন্দর সুর। ছন্দের বিশেষ বিন্যাস (৮-৮-৬ পর্ব) এই সুরসৃষ্টির সহায়ক হয়েছে। কবি রূপকথার রাজ্য থেকে তুলে এনেছেন শঙ্খমালাকে, রূপসী বাংলার বুকে সে মিশে আছে। বাংলার রূপের মধ্যে কবি দেখছেন হারিয়ে-যাওয়া রূপকথার রূপসীকে। সেই হারানোর বেদনাও মিশে | | | L-16.4.2 Pg. 4 বক্তব্যসার অংশ |

| প্রশ্ন সংখ্যা | প্রত্যেক ধাপের আনুমানিক মূল্য | নম্বর বিতরণ | | পাঠের সূত্র (L- পাঠ) |
|---|---|---|---|---|
| | | ভাগ | মোট | |
| | গেছে কবিতাটির সঙ্গে। ফলে কবিতাটি হয়েছে অপরূপ। | 2 | 2 | |
| 2(ক) | রাধা নির্জনে আছেন। ধ্যান করছেন। আহারে বিরত। নিজের এলো চুল দেখছেন। মেঘের দিকে চেয়ে হাসছেন। ময়ূর-ময়ূরী দেখছেন। (এই সবকটি ঘটনা পরপর লিখতে হবে)। | 2 | | L-2.4.1 / Pg. 17-18 বক্তব্যসার |
| 2(খ) | মহাদেবের জটার মধ্যে সংস্কৃতের হ্রদ— সাধারণ মানুষ সংস্কৃত বোঝে না। মহাভারত জাহ্নবীর মতো পবিত্র বলে গণ্য হয়, তার কাহিনি শোনার জন্য বঙ্গবাসী ব্যাকুল (তৃষ্ণার্ত)। মহাভারতের গল্প মানুষকে মূল্যবোধে সমৃদ্ধ করেছে। তাই তুলনা যুক্তিযুক্ত। | 2 | | L-4.4.2 / Pg. 35 বক্তব্যসার ৩য় অনুচ্ছেদ |
| 2(গ) | পৃথিবীর সমস্ত কল্যাণকর্মের অর্ধেক করেছে নারী। নারীকে 'নরককুণ্ড' বলা অন্যায়, কুৎসিত কাজ করেছে পুরুষ, তাই সে কাজের দায় নারীর নয়, অমানুষের। শাজাহান বিখ্যাত তাজমহল সৃষ্টি করেছেন মমতাজের জন্যই। সমস্ত জ্ঞান, গান, সুষমার মধ্যে লক্ষ্মীস্বরূপা নারীদের দান ভোলার নয়। এটা সাম্যের যুগ, সুতরাং নর ও নারীর মধ্যে বৈষম্যবিধান অন্যায়। | 2 | | L-17.2 / Pg. 10 উদ্দেশ্য |
| 2(ঘ) | ২১ ফেব্রুয়ারি ১৯৫২ ভাষা আন্দোলন। ঢাকায় মিছিল। আন্দোলনকারীদের উপর পুলিশের গুলি। বরকত, সালাম, রফিক, জব্বর প্রমুখের মৃত্যু। (এই ঘটনাগুলির কথা লিখতে হবে)। | 2 | 4 | L-18.4.2 / Pg. 20 মন্তব্য |
| 3. | ধর্মান্ধ মানুষেরা অনেক সময় মানবিকতাকে বিসর্জন দিয়ে এমনকি খুনি পর্যন্ত হয়ে ওঠে। তাই শেষ কথা নয়। সচেতন সাধারণ মানুষ ধর্ম-ভাষা-জাতি- ধর্ম-বর্ণ, সমস্ত কিছুর ওপর মনুষ্যত্বকে জাগিয়ে রাখেন এবং আবার সুস্থ-স্বাভাবিক জীবনে ফিরে আসার চেষ্টা করেন। | 2 | 2 | L-19.1 / Pg. 25 প্রস্তাবনা |
| 4. | মধ্যযুগের গীতিকাব্য-ধারায় চৈতন্য-পূর্ব বৈষ্ণব কবিদের পদাবলি ছিল মানব-মানবীর লৌকিক প্রেম-কাহিনি। যদিও রাধা | | | |

| প্রশ্ন সংখ্যা | প্রত্যেক ধাপের আনুমানিক মূল্য | নম্বর বিতরণ | | পাঠের সূত্র (L- পাঠ) |
|---|---|---|---|---|
| | | ভাগ | মোট | |
| | এবং কৃষ্ণকে কেন্দ্র করেই প্রেমিকা-প্রেমিকের প্রেমোপাখ্যানধর্মী কাব্য সৃষ্টি হয়েছে, তবুও পরোক্ষে রয়েছে ইঙ্গিতপূর্ণ দিক্‌নির্দেশ, নরনারীর প্রতিই। | 2 | 2 | |
| 5. | ছন্দ— ধ্বনিপ্রধান বা কলাবৃত্ত।<br>অলংকার— শব্দালংকার— 'গ'-এর অনুপ্রাস। | 2 | 2 | L-1.4 / Pg.3-4 |
| 6(ক) | বিশাল পৃথিবীর এখানে-ওখানে ছড়িয়ে থাকা প্রাকৃতিক বৈচিত্র্যকে দেখে ওঠা সম্ভব নয় কবির পক্ষে। তাই সেই ক্ষোভে কবি গ্রন্থ পড়ে তার মধ্য দিয়ে সেই বৈচিত্র্যকে উপলব্ধি করতে চান। | 1 | | পাঠ বহির্ভূত নিবন্ধ |
| 6 (খ) | ভ্রমণ-বৃত্তান্ত বা ভ্রমণ-কাহিনি পড়ে বাস্তব ভ্রমণের স্বাদপূরণ করতে চান। এ যেন দুধের স্বাদ ঘোলে মেটানো। | 1 | | পাঠ বহির্ভূত নিবন্ধ |
| 6 (গ) | বাস্তব ভ্রমণের মধ্য দিয়ে যে জ্ঞান অর্জন করা যায় তা স্বোপার্জিত। কিন্তু ভ্রমণকাহিনির মধ্য দিয়ে যে জ্ঞান লাভ করা যায়, তা এক জাতীয় সম্পদ হলেও ভিক্ষা-ধন ছাড়া কিছুই নয়। | 1 | | পাঠ বহির্ভূত নিবন্ধ |
| 6 (ঘ) | এই পৃথিবীর এখানে-ওখানে ছড়িয়ে থাকা প্রাকৃতিক রূপ-বৈচিত্র্যের বিচিত্র বর্ণনা থাকে বিভিন্ন ভ্রমণকাহিনিতে। সেই চিত্রায়িত রূপ-সৌন্দর্য অনেক কথাই বলে থাকে যা ভাষাহীন হয়েও অনেক ভাষার চিত্ররূপ। | 1 | 4 | পাঠ বহির্ভূত নিবন্ধ |
| 7. | আলোচ্য অংশটি সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্রের শ্লেষাত্মক প্রবন্ধ 'বিড়াল'-এর অন্তর্গত।<br>একটি বিড়ালের দুধ চুরি করে খাওয়াকে কেন্দ্র করে এই গল্পের কাহিনি তৈরি হয়েছে। ক্ষুধার্ত বিড়ালের চুরি করে খাওয়ার ঔচিত্য নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। ক্রমে বিড়াল হয়ে উঠেছে শোষিত দরিদ্র জনসাধারণের রূপক। আমাদের সমাজে ধনী-দরিদ্রের বৈষম্য রয়েছে প্রবল। একদিকে ধনলিপ্সু মানুষের ভোগবিলাস পূর্ণজীবন, | | | L-8.3.2 3rd Para<br>L-8.4.2 বক্তব্যসার |


| প্রশ্ন সংখ্যা | প্রত্যেক ধাপের আনুমানিক মূল্য | নম্বর বিতরণ | | পাঠের সূত্র (L- পাঠ) |
|---|---|---|---|---|
| | | ভাগ | মোট | |
| | উপচে পড়া প্রয়োজনাতিরিক্ত ধনসম্পদ, অন্য দিকে গরিবের দুমুঠো ভাতেরও অভাব। সে পরিশ্রমের দ্বারা ক্ষুধার অন্ন জোগাড় করতে চাইলেও কাজ জোটে না, আর ধনীও কোনোভাবেই উদ্বৃত্ত ধন দান করে তাকে রক্ষা করেনা। বাধ্য হয়ে বিড়ালের মতোই সে চুরি-রাহাজানি করে, সমাজের চোখে দোষী সাব্যস্ত হয়। কিন্তু ওই ধনী যদি কৃপণ না হয়ে, গরিবকে তার প্রয়োজন মেটাতো, তাহলে এই দশা হয় না। সুতরাং সেও গরিবের মতো সমানভাবে দোষী। কেননা গরিব ঠেকায় পড়ে চুরি করে, আর কৃপণ ধনী ধন থাকা সত্ত্বেও তার চুরিতে সহায়তা করে পরোক্ষে। ঠিকভাবে দেখতে গেলে সে চোরের থেকেও দোষী। | 6 | 6 | |
| 7(অথবা) | আলোচ্য অংশটি রবীন্দ্রনাথ ঠাকুরের ছিন্নপত্রাবলীর অন্তর্গত 'শিলাইদহ' থেকে' পত্রপ্রবন্ধের অন্তর্গত।<br>দরিদ্র প্রজাদের দুঃখজর্জর জীবনযন্ত্রণায় মর্মাহত লেখক স্মরণ করেছেন সমাজতান্ত্রিক মতাদর্শের কথা। সেখানে সকলের প্রতি সম ধন-বণ্টনের কথা বলা হয়েছে। এর থেকে কাম্য আর কী হতে পারে। সমাজে একদিকে ধনবানের ঐশ্বর্যের আলোকঝলমল জীবন, অন্যদিকে সংখ্যাগরিষ্ঠ মানুষের অমানুষিক দুঃখ-দারিদ্র্য, শোককে ব্যথিত করছে। তাই সমাজতান্ত্রিক মতবাদে মানুষের মুক্তির সন্ধান পান তিনি। | 6 | 6 | L-9.4.3 বক্তব্যসার ও মন্তব্য |
| 8 (i) | গিরীশ মহাপাত্রের অদ্ভুত দুটি চোখের দৃষ্টি অপূর্বকে মুগ্ধ করেছিল, কেননা গিরীশের রোগগ্রস্ত দুর্বল শরীরের পক্ষে ও দৃষ্টি যথেষ্টই বেমানান এবং সে চোখের বর্ণনা দেওয়াও অপূর্বের অসাধ্য। | 2 | | L-10.4.6 1st Para |
| (ii) | পুলিশ অফিসার নিমাইবাবু কথায় কথায় যখন অপূর্বকে বললেন যে সব্যসাচী এমনই চতুর এবং প্রত্যুৎপন্নমতি-সম্পন্ন বিপ্লবী। এমনও হতে পারে পুলিশের সমস্ত চেষ্টা ব্যর্থ হতে পারে আর ধরা নাও পড়তে পারে সে। এতে অপূর্ব এমনটাই হওয়ার কামনা করলে নিমাইবাবু তাকে বোকা ছেলে বলেছিলেন। এ কারণেই বলেছিলেন, যে পুলিশের কাছে বিপ্লবীকে সমর্থন করা | | | L-10.4.3 বক্তব্যসার |


| প্রশ্ন সংখ্যা | প্রত্যেক ধাপের আনুমানিক মূল্য | নম্বর বিতরণ | | পাঠের সূত্র (L- পাঠ) |
|---|---|---|---|---|
| | | ভাগ | মোট | |
| | অপরাধের পর্যায়েই পড়ে। পুলিশের শত কাছের লোক হলেও নয়। | 1 | | |
| (iii) | দরিদ্র তাঁতিদের প্রতিনিধি মদন তাঁতি। ভুবন ঘোষাল এক অবস্থাপন্ন দালাল। তাঁতিদের আন্দোলন ভেস্তে দেবার উদ্দেশ্যে মদনকে হাত করতে চায়। মদনের কাছে দুটো টাকা এবং তাঁত পৌঁছে দেয়। প্রথমে মদন ভেবেছিল কাপড় বুনবে ভুবনের জন্যে। কিন্তু পরে মত বদলায়, কিন্তু তাঁত চালায়। অবশ্য সুতোহীন তাঁত। সারারাত ধরে চালায় পায়ের জড়তা কাটাবার জন্যে। নিত্য অভ্যাসকে বজায় রাখতে। তাই বৃন্দাবনের ছেলে কেশব যখন মদনকে আন্দোলন ভেস্তে দেবার জন্যে অভিযোগ জানায়, তখন মদন সেই দুটি টাকা এবং সুতো উদির হাত দিয়ে ভুবনের কাছে পাঠিয়ে দেয়। | 2 | | L-21.4.8 বক্তব্যসার ও মন্তব্য |
| (iv) | সুভাষের আগে ছ'টি সন্তান হারানো শোককাতর শ্বশুরের শত লাঞ্ছনা সয়েছেন সুভাষকাকিমা। তাঁর মৃত্যু সংবাদ পৌঁছলে শ্বশুরের কাছে তা অপ্রকাশ রেখেছেন তাঁর শোককে আর না-বাড়ানোর উদ্দেশ্যে। কিন্তু শ্বশুরের মৃত্যুর পর সুভাষ-কাকিমা যখন সে খবর প্রকাশ করলেন, তখন গ্রামে টি টি পড়ে গেল— সকলের রব বিধবা হয়ে সধবার আচরণ অনাচার ছাড়া আর কিছু নয়। কিন্তু আমার মতে এ কখনই অনাচার নয়, কেননা সুভাষ-কাকিমা মানবিকতার কারণেই কেবল এমন আচরণ করেছেন। | 2 | 7 | L-22.4.10 বক্তব্যসার ও মন্তব্য |
| 9(i) | কালাপাহাড় এবং কুম্ভকর্ণকে নিয়ে মাঝে মাঝেই বিপদ দেখা দিত— এক এক দিন দুজনের মধ্যে মনান্তর থেকে শিং উঁচিয়ে যুদ্ধ লেগে যেত। | 1 | | |
| | রংলাল বড়ো একটা বাঁশের লাঠি দিয়ে পেটাতেই ওরা দূরে সরে যেত। | 1 | | L-20.3 / Pg.43 |
| (ii) | 'শিল্পী' গল্পে তাঁতিরা যে ভাষায় কথা বলেছে তা অত্যন্ত বাস্তব জীবন থেকে উঠে আসা। এ গদ্যভাষা স্পষ্ট এবং হৃদয়কে | | | L-21.1 |

| প্রশ্ন সংখ্যা | প্রত্যেক ধাপের আনুমানিক মূল্য | নম্বর বিতরণ | | পাঠের সূত্র (L- পাঠ) |
|---|---|---|---|---|
| | | ভাগ | মোট | |
| | স্পর্শ করে। লেখক মানিক বন্দ্যোপাধ্যায়ের লেখনবৈশিষ্ট্যই হল বাস্তবজীবনরস ঘেঁষা— যাকে যেভাবে দেখেছেন, সেভাবেই এঁকেছেন। দু-একটি নমুনা— 'বাচালের মোকে', 'তাইতো বলি মোরা', 'মেয়েছেলে বলতে পারে', 'পেসব হতে গেলে মরবে মাগি এবার,' ইত্যাদি। | 2 | 2 | |
| 10 (i) | বিসূচিকা বা কলেরা রোগের মূল লক্ষণ হল 'ভেদ-বমি'। | 1 | | পাঠ বহির্ভূত নিবন্ধ |
| (ii) | বৃন্দাবন গোপাল ডাক্তারবাবুর কাছে তার ছেলে চরণকে বাঁচাবার জন্য এসেছিল। | 1 | | পাঠ বহির্ভূত নিবন্ধ |
| (iii) | বৃন্দাবন যে গোপাল ডাক্তারের মামা তারিণী মুখুজ্জেকে অপমান করেছে, সেই অপরাধের কথা ডাক্তারবাবু উল্লেখ করেছেন। | 2 | 4 | পাঠ বহির্ভূত নিবন্ধ |
| 11. | সরস্বতী কুণ্ডী সম্বন্ধে আমীন রঘুবর প্রসাদের ধারণা—<br>● এই অঞ্চলের বনের সঙ্গে বহুদিনের পরিচয়।<br>● সরস্বতী-কুণ্ডী মায়াময়-হুরী পরীদের যাতায়াত আছে।<br>● জ্যোৎস্নাতে পরীরা জলের ওপর পদ্মের মতো জেগে থাকে।<br>● সার্ভেয়ার ফতে সিং গভীর রাতে ওই হ্রদে যেতে গিয়ে মারা গিয়েছিলেন। | 4 | | L-32.4.10 বক্তব্যসার |
| | অথবা,<br>দোবরু পান্নাদের সমাধিস্থল সম্বন্ধে সত্যচরণের মন্তব্য—<br>● মিশরের ফ্যারাওদের মতো দোবরু পান্নাদের অতুল ঐশ্বর্য নেই।<br>● এদের সভ্যতা সংস্কৃতি আদিম যুগের অশিক্ষিত পটু সভ্যতা-সংস্কৃতি।<br>● শিশুসুলভ মন নিয়ে এরা তৈরি করেছে গুহার প্রাসাদ, | | | L-32.3.13 5th Para |

| প্রশ্ন সংখ্যা | প্রত্যেক ধাপের আনুমানিক মূল্য | নম্বর বিতরণ | | পাঠের সূত্র (L- পাঠ) |
|---|---|---|---|---|
| | | ভাগ | মোট | |
| | প্রস্তর খণ্ডের সমাধিস্থল, সীমানা খুঁটি।<br>● সেদিন লেখকের অভিজ্ঞতায় পৌরাণিক, অতীত ও বর্তমান কাল যেন একাকার হয়ে গেছে। | 4 | 4 | |
| 12. | (i) বুনো মহিষের দেবতার নাম টাঁড়বারো। | 1 | | L-32.3.1-13 |
| | (ii) প্রাচীন মিশর সম্রাটদের সমাধিস্থলকে বলে পিরামিড | 1 | | L-32.3.1-13 |
| | (iii) ইংরেজের সঙ্গে যুদ্ধে হেরে যাবার পর দোবরু পান্না তাঁদের রাজত্ব খ্যাতি সবকিছু হারিয়েছেন। | 1 | | L-32.3.1-13 |
| | (iv) যুগলপ্রসাদকে দেখে লেখক আশ্চর্য হয়ে গিয়েছিলেন কারণ এই গাছ লতাপাতা ফুলে ভরা বনেও সে গাছ লাগিয়ে বনের অসম্পূর্ণতা সম্পূর্ণ করতে চেষ্টা করছে। | 1 | | L-32.3.1-13 |
| | (v) জঙ্গলের মধ্যে কাঁটা ঝোপে ঢাকা উঁচু পাথর স্তম্ভে খোদাই করা বিকট মুখ দেখে কুলিটার মনে হয়েছিল জায়গাটা ভূত বা পরীর আড্ডা। | 1 | 4 | L-32.3.1-13 |
| 13. | (i) ব্যাসবাক্য সহকারে সমাস নির্ণয়:<br>অপার্থিব— নয় পার্থিব (না-তৎপুরুষ সমাস)<br>জলাভাব— জলের অভাব (অব্যয়ীভাব সমাস)<br>দিগ্বিদিক— দিক ও বিদিক (দ্বন্দ্ব সমাস)<br>সিঁদুরমাখানো— সিঁদুর দিয়ে মাখানো (তৎপুরুষ সমাস) | 2 | | L-13.3.2 |
| | (ii) প্রত্যয় নির্ণয়:<br>নীচু — নীচ + উ<br>কর্তব্য — কৃ + তব্য<br>বৈচিত্র্য — বিচিত্র + য<br>স্বপ্নময় — স্বপ্ন + ময় | 2 | | L-13.3.1 |

| প্রশ্ন সংখ্যা | প্রত্যেক ধাপের আনুমানিক মূল্য | নম্বর বিতরণ | | পাঠের সূত্র (L- পাঠ) |
|---|---|---|---|---|
| | | ভাগ | মোট | |
| | (iii) তৎসম শব্দ নির্ণয়: | | | L-12.3.2/3/4/5/6/7 |
| | এই সেই হ্রদ, কী তার রূপ! | | | |
| | তৎসম— হ্রদ, রূপ | 2 | | |
| | (iv) চলিত ভাষায় রূপান্তর | | | L-14.3 |
| | এক অদ্ভুত লোকের সন্ধান পেলাম। সে বীজ পুঁতে দিচ্ছে। নেমে কাছে গেলাম। | 4 | 10 | |
| 14. | প্রতিবেদন রচনা | | | পাঠ বহির্ভূত নিবন্ধ |
| | (i) উপযুক্ত শিরোনাম | 1 | | |
| | • বরফ পড়ে রাস্তায় যানবাহনে বাধা | | | |
| | • শৈত্যপ্রবাহের প্রতিক্রিয়ায় প্রাণসংশয় | | | |
| | • গরিব মানুষের দুর্দশা | | | |
| | • পানীয় জলের কষ্ট | | | |
| | • যারা ধনী, যারা শীতের দেশের লোক কেবল তাদের কাছেই শীত উপভোগ্য হয় | 3 | 4 | |
| | (ii) উপযুক্ত শিরোনাম | | | পাঠ বহির্ভূত নিবন্ধ |
| | • জনজীবনে অসন্তোষের কারণ— | 1 | | |
| | মূল্যবৃদ্ধি-বেকারি-চুরি-ডাকাতি | 1 | | |
| | • রাজনৈতিক উগ্রপন্থার অত্যাচার | 1 | | |
| | • গণমাধ্যমের নেতিবাচক অনুষ্ঠান ইত্যাদি। | 1 | 4 | |
| 15. | • গাছের পাখি দেখে আপনার আনন্দ। | 1 | | পাঠ বহির্ভূত নিবন্ধ |
| | • ভবিষ্যতে গাছের প্রতি আপনার ভালোবাসা জাগা। | 1 | | |
| | অথবা, | | | |
| | • বন্ধুর পরিচয় | 1 | | |
| | • বহুদিন পর দেখে অনেক পুরোনো স্মৃতিচারণ। | 1 | 2 | |
| 16 (ক) | দেশের অর্থনৈতিক উন্নয়নে সাধারণ মানুষের সংরক্ষিত সঞ্চয়ের ভূমিকা। | | | পাঠ বহির্ভূত নিবন্ধ |

| প্রশ্ন সংখ্যা | প্রত্যেক ধাপের আনুমানিক মূল্য | নম্বর বিতরণ ভাগ | নম্বর বিতরণ মোট | পাঠের সূত্র (L- পাঠ) |
|---|---|---|---|---|
| | অথবা,<br>নন-ব্যাঙ্কিং সংস্থার প্রতারণার প্রতিরোধব্যবস্থা। | 1 | | |
| 16 (খ) | সাধারণ মানুষের স্বল্প সঞ্চয়ই পুঞ্জীভূত হয়ে দেশের অর্থনৈতিক উন্নয়নে বিশেষ ভূমিকা নেয়, কেননা সরকার সেই টাকা ব্যবহার করে কৃষি-শিল্প ইত্যাদির উন্নতি ঘটিয়ে থাকেন। | 1 | | পাঠ বহির্ভূত নিবন্ধ |
| 16 (গ) | নন-ব্যাঙ্কিং সংস্থার প্রতারণার সাহায্যে অর্থ আত্মসাৎ রুখতে সরকার প্রয়োজনীয় আইন প্রণয়ন ও তার প্রয়োগের ব্যবস্থা গৃহীত হচ্ছে। | 1 | 3 | পাঠ বহির্ভূত নিবন্ধ |
| 17 (i) | নীচের চক্রচিত্রে রয়েছে : শতকরা হিসেবে 35% কৃষক, 20% ক্ষেত মজুর, 5% চাকুরিজীবী, 20% স্বয়ম্ভর গোষ্ঠীর সদস্য, 20% পড়ুয়া।<br><br> | 4 | 4 | L-29.3.2 / Pg. 202 |
| 17 (ii) | আনারসের জেলি তৈরির প্রক্রিয়া: প্রবাহচিত্র (Flow Chart-এর সাহায্যে) | | | L-29.2 / Pg. 203 |

| প্রশ্ন সংখ্যা | প্রত্যেক ধাপের আনুমানিক মূল্য | নম্বর বিতরণ | | পাঠের সূত্র (L- পাঠ) |
|---|---|---|---|---|
| | | ভাগ | মোট | |
| | <br> | 4 | 4 | |
| 18. | **সংক্ষিপ্ত নিবন্ধ রচনা: (১০-১৫টি বাক্যে)** | | | |
| | (i) জলদূষণের কুফল:<br>ভূমিকা— পরিবেশের অন্যতম উপাদান জল— দূষণের কারণ— দূষণের ফল— প্রতিকারের উপায়— সুস্থ পরিবেশ রচনায় জলের ভূমিকা— উপসংহার। | | | পাঠ বহির্ভূত নিবন্ধ |
| | (ii) একতা:<br>ভূমিকা— সমাজগঠনে ঐক্যবদ্ধ হওয়ার প্রয়োজনীয়তা— সমগ্র থেকে বিচ্ছিন্ন হলে যে বিপদ হওয়ার সম্ভাবনা— ঐক্যবদ্ধ হবার শর্ত— উপসংহার। | | | পাঠ বহির্ভূত নিবন্ধ |
| | (iii) আপনার প্রিয় গ্রন্থ:<br>ভূমিকা— মানুষের জীবনে বইয়ের প্রয়োজনীয়তা— আপনার প্রিয় গ্রন্থ— লেখকের নামসহ বক্তব্যের সংক্ষিপ্তসার— গ্রন্থটি প্রিয় কেন— উপসংহার। | | | পাঠ বহির্ভূত নিবন্ধ |

| প্রশ্ন সংখ্যা | প্রত্যেক ধাপের আনুমানিক মূল্য | নম্বর বিতরণ | | পাঠের সূত্র (L- পাঠ) |
|---|---|---|---|---|
| | | ভাগ | মোট | |
| | (iv) একটি নদীর আত্মকথা: ভূমিকা— যে কোনো একটি নদীর বয়ানে তার উৎপত্তিস্থলের বর্ণনা— বহমানতা— পৃথিবীর রূপ বদলে তার ভূমিকা— তার গতির দুপাশে কী কী দৃশ্য দেখতে দেখতে গেল— তার অস্তিত্বকাল— উপসংহার। | 8 | 8 | Unseen |
| 19. | চিঠি লেখার নিয়ম অনুযায়ী ডানদিকে পত্রপ্রেরকের ঠিকানা ও তারিখ উল্লেখ করুন— যাঁকে লিখছেন তাঁকে সম্বোধন — ভ্রমণের স্থান, কী কী দেখলেন তার বর্ণনা, বিশেষ কোনো ঘটনার উল্লেখ করুন— সেখানে আবার যাবার ইচ্ছে আছে কিনা— প্রীতিসম্ভাষণ জানিয়ে নিজের নাম লিখুন— নীচে বাঁদিকে ঘর কেটে বন্ধু বা বান্ধবীর নাম-ঠিকানা লিখুন। | 4 | | L-25.3 |
| | অথবা, | | | |
| | একইরকমভাবে চিঠি লেখার নিয়মের অনুসরণে পত্রপ্রেরককে সম্বোধন করে চিঠির বয়ান লিখুন— ঘূর্ণিঝড়ের অভিজ্ঞতা বর্ণনা করে আপনারা কীভাবে রক্ষা পেলেন জানান— সরকার এবং বেসরকারি প্রতিষ্ঠানের সহায়তা বিপদগ্রস্ত মানুষকে কীভাবে রক্ষা করল তার বর্ণনা— শেষে প্রীতিসম্ভাষণ করে চিঠি শেষ করুন। | 4 | 4 | L-25.3 |
| 20. | শিরোনাম: দূষণমুক্ত শিল্প পরিকল্পনা<br>শিল্পের প্রয়োজনীয়তা থাকা সত্ত্বেও শিল্পাঞ্চলের দূষণের প্রভাব পড়ে মানুষের দেহে-মনে। প্রতিরোধের জন্য দূষণ নিয়ন্ত্রণ, বৃক্ষরোপণ, বর্জ্য নিষ্কাশন এবং শ্রমিকদের স্বাস্থ্য রক্ষা করা আশু কর্তব্য। | 3 | | L-26.3 |
| | অথবা, | | | |
| | শিরোনাম: আমার গ্রামই স্বর্গপুরী<br>কবির ভালোবাসার গ্রামটি বাঁশবাগান আর সজনেগাছে ঘেরা, পথ কাদায় ভরা, বেড়ায় বেড়ায় ঘুঁটের ছড়া; ঝোপে ঝাড়ে কত রকমের পাখির উড়ে বেড়ানো আর পায়ের তলায় শুকনো পাতার খসখস। এসব নিয়েই কবির গ্রাম তাঁর কাছে স্বর্গপুরী। | 3 | 3 | L-26.3 |

| প্রশ্ন সংখ্যা | প্রত্যেক ধাপের আনুমানিক মুল্য | নম্বর বিতরণ | | পাঠের সূত্র (L- পাঠ) |
|---|---|---|---|---|
| | | ভাগ | মোট | |
| | **বিভাগ খ: পর্যটন** | | | |
| 1. | 'পর্যটন' শব্দটির ব্যুৎপত্তি করলে হয় পরি + অটন ('অট' গমন বা ভ্রমণ অর্থে + অন)। অর্থাৎ পরিভ্রমণ বা ঘুরে বেড়ানো। | 1 | | L-33.3 / Pg. 2 |
| | সংজ্ঞা: পর্যটন হল মানুষের নিজের বাসস্থান ও কর্মস্থলের বাইরে স্বল্পমেয়াদি ও অস্থায়ী ভ্রমণ। এ ভ্রমণের উদ্দেশ্য বিভিন্ন হতে পারে— যেমন, দেশভ্রমণ, ব্যবসা-বাণিজ্য, কর্মসংস্থান ইত্যাদি। অর্থাৎ অবকাশযাপনের পরিকল্পনা নিয়ে কোনো মানুষ যখন কিছুদিনের জন্য অস্থায়ীভাবে ভ্রমণ করতে যায়, তাকে বলে পর্যটন। | 1 | 2 | |
| 2. | এশিয়ার সবচেয়ে বড়ো দূষণমুক্ত হ্রদ হল কৃষ্ণা ও কাবেরি নদীর মধ্যবর্তী ব-দ্বীপ কোলেরু হ্রদ। | 1 | 1 | L-33.2/3 |
| 3. | ঐতিহ্য-পর্যটনের সঙ্গে যুক্ত একটি স্থান হল— লাডাক ও সিকিম— বৌদ্ধ মঠ ও গুম্ফার জন্য। | 1 | 1 | L-33.6.3 |
| 4. | 'মোটেল'— একরকমের সরাইখানা যা হাইওয়ের ধারে অবস্থিত। সাধারণ ট্যাক্সি, লরি, মালবাহী গাড়ি ইত্যাদির চালকদের সাময়িক অবস্থানের মধ্যে খাদ্যগ্রহণ ও বিশ্রামের ব্যবস্থা আছে এখানে। | 1 | 1 | |
| 5. | ট্যুর-গাইডদের ভৌগোলিক কেন্দ্রের অবস্থান, কেন্দ্রের পটভূমি ও অতীত ইতিহাস এবং সংশ্লিষ্ট মন্দির-মসজিদ-গির্জা, গুরুদ্বার, মূর্তি, স্মৃতিস্তম্ভ, দুর্গ, ঐতিহাসিক কীর্তির ধ্বংসাবশেষ প্রভৃতি নিয়ে প্রচলিত লোকগাথা প্রভৃতি সম্বন্ধে পরিষ্কার ধারণা থাকতে হবে। | 2 | 2 | L-34.5/ ক |
| 6. | ট্যুর পরিকল্পনার ক্ষেত্রে এই বিষয়গুলির ওপর জোর দেওয়া আবশ্যক। যেমন, প্রয়োজনীয় এবং নিরাপদ পরিবহন, ভিসা, পারমিট ক্লিয়ারেন্স, হোটেল বুকিং এবং সেখানে সুরক্ষিতভাবে | | | L-34.5 / খ |

| প্রশ্ন সংখ্যা | প্রত্যেক ধাপের আনুমানিক মূল্য | নম্বর বিতরণ | | পাঠের সূত্র (L- পাঠ) |
|---|---|---|---|---|
| | | ভাগ | মোট | |
| | পর্যটনকারীর থাকা খাওয়ার ব্যবস্থা ইত্যাদি। | 4 | 4 | |
| 7. | 1985-90 সালের পরিকল্পনাকালে অনেক রাজ্য পর্যটনকে শিল্পের স্বীকৃতি দেয়। হস্তশিল্প বিক্রি বাড়াবার জন্য হস্তশিল্পভিত্তিক বিশেষ পর্যটন ব্যবস্থার কথা ভাবে। বিশেষ বিশেষ স্থানে যাবার সুবিধের জন্য চক্রাকার ভ্রমণ (Circular tour)-এর কথা ভাবতে শুরু করেছে। | 4 | 4 | L-35.3/ Pg. 27 |
| | **বিভাগ - গ : গণজ্ঞাপন** | | | |
| 1. | ব্যক্তি বা সমাজের পক্ষে গণজ্ঞাপন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। বিশেষত যে সমস্ত বিষয় মানুষের শারীরিক, মানসিক, অর্থনৈতিক বা সাংস্কৃতিক জীবনের পরিপন্থী সে বিষয়ে সতর্কবার্তা পৌঁছে দিতে পারে গণজ্ঞাপনের বিভিন্ন মাধ্যম।<br>চারটি গুরুত্বপূর্ণ বিষয় ধরা যেতে পারে নিম্নরূপ—<br>(ক) কুষ্ঠ বা এইডস রোগ যে ছোঁয়াচে নয়, এ বিষয়টি তুলে ধরা;<br>(খ) শিশুদের পোলি‌ও খাওয়ানোর প্রয়োজনীয়তা;<br>(গ) পুরো[illegible]না যন্ত্রপাতি এবং প্রযুক্তির বদলে নতুন যন্ত্রপাতি এবং প্রযুক্তির ব্যবহার সামগ্রীর উৎপাদনকে আরও উন্নত এবং ত্বরান্বিত করে, এ বিষয়;<br>(ঘ) [illegible]দ্যুতিক মাধ্যমের সাহায্যে বিক্রয়যোগ্য সামগ্রীর বিজ্ঞাপনের আয়োজন। | 4 | 4 | L-33.5 / Pg. 3 |
| 2. | গণজ্ঞাপনের চারটি পরিকাঠামো হল —<br>(ক) মুদ্রিত মাধ্যম— সংবাদপত্র, সাময়িক পত্র, বিজ্ঞাপন ইত্যাদি;<br>(খ) বেতার বা রেডিও সম্প্রচারের মাধ্যমে গণজ্ঞাপন;<br>(গ) টেলিভিশন বা দূরদর্শন— বিভিন্ন চ্যানেলের মাধ্যমে | ½<br>½ | | L-34.2 / Pg. 7-8 |

| প্রশ্ন সংখ্যা | প্রত্যেক ধাপের আনুমানিক মূল্য | নম্বর বিতরণ | | পাঠের সূত্র (L- পাঠ) |
|---|---|---|---|---|
| | | ভাগ | মোট | |
| | দৃশ্য-শ্রাব্য বিষয়, ঘটনা, চলচ্চিত্র, সিরিয়াল ইত্যাদির সাহায্যে গণজ্ঞাপন; | ½ | | |
| | (ঘ) চিরাচরিত মাধ্যম— যাত্রা ও নাটকাভিনয়, লোকশিল্প, ছৌনাচ, লোকগীতি, লোককথা ইত্যাদি। | ½ | 2 | |
| 3. | (ক) সংবাদমাধ্যমের বৈশিষ্ট্য:<br>(i) সহজবোধ্যতা; (ii) নৈর্ব্যক্তিকতা; (iii) বিশ্বাসযোগ্যতা; (iv) সহজগম্যতা (অবশ্য স্বাক্ষরদের ক্ষেত্রে) | ½x4=2 | | L-34.2.10/ Pg. 16-17 |
| | (খ) বেতার মাধ্যমের বৈশিষ্ট্য:<br>(i) দ্রুততাসম্পন্ন মাধ্যম; (ii) সুলভ এবং স্বল্পমূল্যের; (iii) সহজে বহনযোগ্য (বিশেষত হাতের মুঠোয় ধরে এমন ট্রানজিস্টার); (iv) সাক্ষর না হলেও শোনার মাধ্যমে জ্ঞাতব্য বিষয়ের অনুধাবন। | ½x4=2 | 2 | |
| 4. | টেলিভিশনের চারটি সুবিধা:<br>(ক) নানা রকমের এবং বহুসংখ্যক মানুষের কাছে পৌঁছে দেওয়া যায়;<br>(খ) মুহূর্তের মধ্যেই বার্তা জানিয়ে দেওয়া যায় (দেখা ও শোনার মাধ্যমে); | | | L-34.3.9/ Pg. 18 |
| | (গ) কোনো অনুষ্ঠান রেকর্ডিং করে বহুদিন রাখা যায়;<br>(ঘ) একটি মাধ্যমের সাহায্যেই দৃশ্য এবং শ্রাব্য বিষয় (নাটক/ বক্তৃতা/ আলোচনা/ শিক্ষামূলক বিষয়/ অর্থনৈতিক-রাজনৈতিক-সাংস্কৃতিক ঘটনা ও বিষয়) তুলে ধরা যায়। | ½x4=2 | | L-34.3.15/ Pg. 24 |
| | টেলিভিশনের চারটি অসুবিধে:<br>(ক) ব্যয়বহুল;<br>(খ) অনুষ্ঠান তৈরি সময়সাপেক্ষ এবং বিশেষ প্রশিক্ষণের প্রয়োজন;<br>(গ) প্রতিক্রিয়া পেতে (সময় এবং যোগাযোগের অভাবে) সময় লাগে; | | | L-34.3.15/ Pg. 24 |

| প্রশ্ন সংখ্যা | প্রত্যেক ধাপের আনুমানিক মূল্য | নম্বর বিতরণ | | পাঠের সূত্র (L- পাঠ) |
|---|---|---|---|---|
| | | ভাগ | মোট | |
| | (ঘ) গ্রামীণ এলাকায় এর সম্প্রচার সীমিত। | ½x4=2 | 4 | |
| 5. | (ক) গণমাধ্যমের তিনটি সমস্যা:<br>(i) প্রযুক্তিগত— প্রযুক্তি দুর্বল হলে সম্প্রচারে বিঘ্ন ঘটে এবং উদ্দেশ্য বিফলে যায়;<br>(ii) সাংগঠনিক পরিকাঠামোর সমস্যা— দেশের অর্থনৈতিক অবস্থা উন্নত না হলে দক্ষ পরিচালক, কর্মী এবং প্রযুক্তির অভাবে সম্প্রচার সমস্যাবহুল হয়ে ওঠে;<br>(iii) লক্ষ্য ও দৃষ্টিভঙ্গির সমস্যা— লক্ষ্য ও দৃষ্টিভঙ্গি সুদুরপ্রসারী এবং নীতিবন্ধ না হলে মূল্যবোধের অভাব ঘটলে গণজ্ঞাপন ত্রুটিপূর্ণ হয়, ভুল বার্তা পৌছোয় জনগণের কাছে। ফল— মারাত্মক। | ½x3=1½ | | L-35.1 / Pg. 30 |
| | (খ) সমস্যা সমাধানের সম্ভাব্য উপায়:<br>(i) প্রযুক্তিগত আর্থিক আনুকূল্যে এবং সদিচ্ছার সাহায্যে গবেষণা ইত্যাদির মাধ্যমে প্রযুক্তির উন্নতিবিধান ও প্রয়োগ;<br>(ii) সাংগঠনিক পরিকাঠামো: সুদক্ষ পরিচালক এবং কর্মীর নিয়োগ এবং বিভিন্ন চ্যানেলের মধ্যে পারস্পরিক সহযোগিতা কাম্য। তা সুস্থ প্রতিযোগিতাকে টিকিয়ে রাখে। সুদক্ষ প্রশিক্ষকের সাহায্যে কর্মীদের প্রশিক্ষণ জরুরি।<br>(iii) লক্ষ্য ও দৃষ্টিভঙ্গি: তথ্য বিশ্বাসযোগ্য এবং সৃজনধর্মী হওয়া বাঞ্ছনীয়; ব্যক্তিগত কুৎসা রটনা ইত্যাদি প্রচার না করা; পৃথিবীতে ঘটে যাওয়া নানা বিশেষ ঘটনার সম্প্রচার; রাষ্ট্র এবং সরকারের সুষ্ঠু পরিচালনার সহায়ক বিষয়গুলিকে তুলে ধরা ইত্যাদি। | ½x3=1½ | 3 | L-35.3 / Pg.31-32 |